



স্বাস্থ্য বিষয়ক অনুষ্ঠান শুনে টিকা নিলেন রুমা ও আসমা বেগম

ভ্যাকসিনেশন এবং এর গুরুত্ব ও কোভিড সংক্রমণ রোধে স্বাস্থ্য পরামর্শ বিষয়ক আলোচনা অনুষ্ঠান ‘স্বাস্থ্যই সুখ’ শুনে টিকা নিয়েছেন চরফ্যাসন পৌরসভার আদর্শ পাড়ার রুমা বেগম (৩০) এবং মুখারবান্দা এলাকার আসমা বেগম (২৭)। তাদেও সাথে কথা বলে জানা যায়, প্রথম দিকে টিকা নিয়ে নানান রকম গুজব ছিলো। যেমন এটি ভুয়া টিকা, টিকা দিলেই মানুষ মরে যেতে পারে, বিভিন্ন রকম পর্শ্বপ্রতিক্রিয়া থাকতে পারে ইত্যাদি। আবার ২৭ বছর বয়সি আসমা বলেন, তিনি যখন টিকার বিষয়ে এই অনুষ্ঠানটি শুনেছেন তখন তার টিকা নেয়ার বয়স হয়েছিলো না।



ভ্যাকসিনেশন বিষয়ে আলোচনা অনুষ্ঠানের স্থির চিত্র। অতিথি: ডাক্তার নূর মোহাম্মদ তালুকদার। স্থান: রেডিও মেঘনা স্টুডিও, ছবি: মৌসুমী মনিষা, তারিখ: ১৮ জুলাই, ২০২১

পরবর্তীতে যখন রেডিও তে জানতে পারেন যে ২৫ বছর বা তদুর্ধ্ব সকলেই টিকা নিতে পারবেন। তখনই তিনি রেজিস্ট্রেশন করেন এবং নির্ধারিত তারিখে টিকা নিয়ে ভালো আছেন বলে জানান তারা।

বর্তমানে করোনার সংক্রমণ গ্রামে গঞ্জে ছড়িয়ে পড়েছে। তাই চরফ্যাসনের প্রান্তিক মানুষের মাঝে সচেতনতা বাড়াতে টিকা গ্রহণ ও স্বাস্থ্যবিধি মানার গুরুত্ব, টিকা গ্রহণের ধাপসমূহ, টিকা গ্রহণের পর কোন পার্শ্বপ্রতিক্রিয়া আছে কিনা, কোভিড-১৯ থেকে সেরে ওঠা ব্যক্তি টিকা নিতে পারবেন

আমাদের সম্পর্কে

রেডিও মেঘনা (উপকূলের কণ্ঠস্বর) কোস্ট ফাউন্ডেশন এর একটি কমিউনিটি রেডিও। বাংলাদেশের উপকূলীয় এলাকার প্রান্তিক মানুষের জীবন-মান উন্নয়নের জন্য কাজ করে। এটি উপকূলীয় দ্বীপ ভোলার চরফ্যাসন উপজেলায় ২০১৫ সালে যাত্রা শুরু করে। রেডিও মেঘনা বৈধ অধিকারের দাবি, সমাজে বৈষম্য দূরীকরণ, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকবেলা ও পরিবেশ সুরক্ষা, মৎস্য, কৃষি, লিঙ্গীয় সমতা ও শিক্ষাখাতে সামাজিক, সংস্কৃতিক ও গ্রামীণ উন্নয়নে উৎসাহী করা এবং জনগণের সক্ষমতা বৃদ্ধির জন্য দরিদ্র কণ্ঠস্বর বাড়াতে কাজ করে।



কিনা এবং টিকা নেওয়ার পর কতটুকু সুরক্ষা থাকা যায় এইসব বিষয় নিয়ে ১৮ জুলাই ২০২১ তারিখে সকাল ১১ টায় সরাসরি প্রচারিত হয় 'স্বাস্থ্যই সুখ' অনুষ্ঠানটি। একই সাথে অনুষ্ঠানটি ৯৯.০ এফএম তরঙ্গ প্রচারের পাশাপাশি সরাসরি ফেসবুকেও সম্প্রচার করা হয়। এতে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন, চরফ্যাসন হাসপাতালের মেডিক্যাল অফিসার, ডাক্তার নূর মোহাম্মদ তালুকদার। অনুষ্ঠানে প্রায় ৪০টি ফোন কলের মাধ্যমে শ্রোতারা তাদের বিভিন্ন সমস্যা নিয়ে প্রশ্ন করেন। পাশাপাশি ফেসবুকে মন্তব্য প্রকাশ করেন। অনুষ্ঠানটি উপস্থাপনায় ছিলেন জেসমিন তালুকদার। প্রচারিত হয়েছে: সিএফটিএম প্রকল্পের সৌজন্যে। সহযোগিতায়: প্রকাশ ও বৃটিশ কার্ডিন্সল এবং বাস্তবায়নে: কোস্ট ফাউন্ডেশন।

রেডিও অনুষ্ঠান শুনে সঠিক নিয়মে বীজ পরিচর্যা করেন আবদুল আলিম।

শ্রোতাদের মতামতের ভিত্তিতে এবং আমন চষের মৌসুম উপলক্ষ্যে ফসলের বীজ তলা তৈরী, পরিচর্যা ও করণীয় সম্পর্কে প্রচার করা হয় কৃষি তথ্য ও পরামর্শ বিষয়ক অনুষ্ঠান 'কৃষি ও কৃষক'। অনুষ্ঠানটিতে আলোচক হিসেবে সরাসরি স্টুডিওতে উপস্থিত হয়ে পরামর্শ প্রদান করেন চরফ্যাসন উপজেলা কৃষি কর্মকর্তা আবু হাসনাইন। অনুষ্ঠানটি শুনে উপকৃত হয়েছেন চরফ্যাসনের আদর্শ পাড়া এলাকার কৃষক আব্দুল আলিম (৩৭)। তিনি বলেন, অনেক বছর ধরে কৃষি কাজের অভিজ্ঞতা থাকলেও প্রায় সময় বীজ নষ্ট হয়ে



যেতো এবং চারা গাছের অনেক সমস্যা দেখা যায়। বাড়িতে বীজ সংরক্ষণের ফলে অনেক সময় চারা গজাতো না, চারা হলুদ হয়ে যাওয়ার কারণে ফলন ভালো আসতো না। যার কারণে এর আগের পর্বে তিনিও এ বিষয়ে অনুষ্ঠান শুনার জন্য ফোন কলের মাধ্যমে অনুরোধ করেন। এরপর আমন বীজতলা তৈরীর সময়ের আগেই বীজ তলা তৈরী, পরিচর্যা ও করণীয় বিষয়ক অনুষ্ঠান 'কৃষি ও কৃষক' শুনে প্রয়োজনীয় পরামর্শ পেয়ে সে অনুযায়ী কাজ শুরু করেন। এবার আগের তুলনায় ভালো চারা গজিয়েছে এবং কোনো প্রকার হলুদ ভাব নেই। দুই একদিনের মধ্যে সেই চারা রোপ কাজ শুরু করবেন বলে জানান তিনি। এছাড়াও স্যার-কিটনাশক প্রয়োগের ক্ষেত্রে সতর্কতামূলক পরামর্শও কাজে লাগিলে উপকার পেয়েছেন কৃষক আব্দুল আলিম। অনুষ্ঠানটিতে উপস্থাপনায় ছিলেন, খাদিজা আক্তার। এপিএফপি প্রকল্পের সহযোগিতায় অনুষ্ঠানটি প্রচারিত হয়েছে ২০ জুন, ২০২১ তারিখে, বাস্তবায়নে: কোস্ট ফাউন্ডেশন।

শ্রোতাদের মতামত	অর্জন	প্রতিবন্ধকতা
হয়রানি বা মিথ্যা মামলা বিষয়ে আলোচনা অনুষ্ঠান শুনতে চেয়েছেন।	আইনজীবীদের সাথে কথা বলে পরবর্তী মাসে প্রচার করা হবে।	আইনজীবীরা সরাসরি স্টুডিওতে আসতে চান না।
সাইবার বুলিং বিষয়ে পিএসএ প্রচার করার জন্য শ্রোতারা অনুরোধ করেন।	এ বিষয়ে একটি পিএসএ প্রচার করা হয়।	
বর্ষার মৌসুমে আবহাওয়ার সতর্কবার্তা শুনে ঝড়-ঝড় তুফান ও দুর্ভোগে গভীর নদীতে যাওয়া থেকে বিরত থাকেন বলে জানান বেতুয়া ও সামরাজের মৎস্যজীবী শ্রোতারা।	দুর্যোগ বিষয়ে পিএসএ, নাটিকা, ম্যাগাজিন ও আলোচনা অনুষ্ঠান নিয়মিত প্রচার করা হয়।	করোনার ব্যাপক সংক্রমণ ও লকডাউনের কারণে সরাসরি সাক্ষাৎকার নিতে সমস্যা হয়।

সেবা কেন্দ্র:
উম্মে নিশি,
সহকারি স্টেশন ম্যানেজার,
রেডিও মেঘনা, কুলসুমবাগ, চরফ্যাসন, ভোলা
ফোন: ০১৭০৮ ১২০৩১০

 manager@radiomeghna.net

 [/radiomeghna99.0](https://www.facebook.com/radiomeghna99.0)

 [/radiomeghna.net](http://radiomeghna.net)